

সিডনীতে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধুর ৩৮তম মৃত্যু বার্ষিকী পালন।

মিডিয়া রিলিজ, বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়াঃ গত ১৮ আগস্ট সিডনীর Glenfield Community Hall-এ বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া (BBSA) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে এক শোক সভার আয়োজন করে। সন্ধ্যা ৬টায় শোক সভাটি সংগঠনের সভাপতি ড. খায়রুল হক চৌধুরী ও সাধারণ সম্পাদক রফিক উদ্দিনের পরিচালনায় শুরু হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে গ্রীফিথ ইউনিভার্সিটির প্রফেসর ডঃ মোয়াজ্জেম হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Federal MP Laurie Ferguson.

সভার শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্টে ঘাতকদের হাতে নিহত জাতির জনক বঙ্গবন্ধুসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন বীর মুক্তিযোদ্ধা মিজানুর রহমান তরুন।

স্বাগতিক বক্তব্যে অত্র পরিষদের যুগ্ম সম্পাদক জনাব হারুনুর রশিদ উপস্থিত সকলকে এই শোক সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। শোক সভার প্রেক্ষাপট বর্ণনা করে সাধারণ সম্পাদক জনাব রফিকউদ্দিন উল্লেখ করেন যে, আজ পর্যন্ত পৃথিবীতে অবৈধ ভাবে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের অপচেষ্টা কারীদের হাতে যে সকল রাষ্ট্রনায়ক জীবন দিয়েছেন তাঁরা প্রত্যেকেই পৃথিবীতে আজও অমর এবং তাঁদের আদর্শ আজও অনুস্মরণীয়। আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ বঙ্গবন্ধুর আদর্শকে কেন্দ্র করেই পরিচালিত হচ্ছে আমাদের রাজনৈতিক জীবনধারা এবং অনধিকাল পর্যন্ত তাঁর আদর্শ সমুজ্জ্বল থাকবে বলে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু আমাদের একটি স্বাধীন সার্বভৌম দেশ উপহার দিয়ে গেছেন যে কারণে আমরা আজ সারা বিশ্বে গর্বিত বাঙালী জাতির একজন হয়ে মেধা ও দক্ষতার পরিচয় দিতে পারছি। বাংলাদেশ স্বাধীন না হলে আমরা কখনই এ সকল সুযোগ সুবিধা পেতাম না। যা বিগত পাকিস্তান আমলের ২৩ বছর এক চেটিয়া ভাবে পশ্চিম পাকিস্তানীরাই সকল সুযোগ সুবিধা ভোগ করে আসছিল। তাই বঙ্গবন্ধুর কাছে আমাদের ঋণ অনেক যা শোধ করার মত নয়।

বিশেষ অতিথি Mr. Laurie Ferguson Federal MP ও আসন্ন নির্বাচনের Labour Party Candidate Ges Liberal Party Candidate Mr. Kent Johns বাংলাদেশ কমিউনিটির শোক দিবসের সাথে একাত্মতা প্রকাশ করে জাতির জনক বঙ্গবন্ধু স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তারা উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু কেবল একজন রাজনীতিবিদই ছিলেন না- তিনি ছিলেন একজন Great Statesman যার নীতি ও আদর্শ এ প্রজন্মের রাজনীতিবিদদের জন্য অনুস্মরণীয়।

এ ছাড়া বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বক্তব্য রাখেন আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সভাপতি ব্যারিস্টার সিরাজুল হক, বর্ষীয়ান আওয়ামী লীগ নেতা গামা আব্দুল কাদির, গ্রামীণ ব্যাংক সাপোর্ট গ্রুপের জনাব নজরুল ইসলাম। বঙ্গবন্ধু পরিষদের পক্ষে শ্রদ্ধা নিবেদন করে আলোচনায় অংশ গ্রহণ করেন অত্র সংগঠনের সহ-সভাপতি এ.কে.এম.এমদাদুল হক ও যুগ্ম সম্পাদক হাছান সিমন (রবিন)। জাতীয় শোকদিবস পালন কমিটির আহ্বায়ক ও সাবেক বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি ড. নিজাম উদ্দিন আহমেদ ধর্মীয় গোড়ামীমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সবাইকে আহ্বান জানান। অত্র সংগঠনের প্রাক্তন সভাপতি ড. রতন কুন্ডু জাতির জনকের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধুর রক্তের মূল্য তখনই শোধ হবে যখন আমরা শোষণমুক্ত সোনার বাংলা গড়তে পারব।

সবশেষে, সংগঠনের বর্তমান সভাপতি ড. খায়রুল হক চৌধুরী বলেন, বাংলাদেশ বঙ্গবন্ধুর অনবদ্য সৃষ্টি। আমরা সবাই যদি ঐক্যবদ্ধভাবে বঙ্গবন্ধুর আদর্শকে উজ্জীবিত করে দেশের আপামর জনসাধারণের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে কাজ করি তা হলেই হবে বঙ্গবন্ধুর প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন। তিনি তার বক্তব্যে উপস্থিত সকল অতিথি এবং যারা এ শোক সভাটি সফল করতে বিভিন্ন ভাবে সহযোগিতা করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

রাতের খাবারের পর বঙ্গবন্ধুর স্মরণে দেশাত্মবোধক গান পরিবেশন করেন ফারিয়া জাকি, লামিয়া কবির, রনু রফিক ও নিলুফার ইয়াসমিন। তবলায় সহযোগিতা করেন খন্দকার জাহিদ হাসান।



